



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT, GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর: ০৮৬

## রাজশাহীতে জাতীয় সমবায় দিবসের কর্মসূচি

রাজশাহী; ১৫ কার্তিক (৩১ অক্টোবর):

আগামী শনিবার (২ নভেম্বর) ৫৩তম জাতীয় সমবায় দিবস। দিবসটি উদযাপন উপলক্ষে রাজশাহী বিভাগীয় সমবায় অফিস বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছে। দিবসটির এবারের প্রতিপাদ্য- 'সমবায় গড়ব দেশ, বৈষম্যহীন বাংলাদেশ'।

দিবসটি উদযাপন উপলক্ষে ওইদিন সকাল সাড়ে নয়টায় গভ: ল্যাবরেটরি হাই স্কুল প্রাঙ্গন হতে বর্ণাঢ্য র্যালি লক্ষ্মীপুর ও সিএন্ডবি মোড় ঘুরে গভ: ল্যাবরেটরি স্কুলে শেষ হবে। র্যালি শেষে সকাল দশটায় জাতীয় পতাকা উত্তোলন ও আলোচনাসভা অনুষ্ঠিত হবে। সভা শেষে শ্রেষ্ঠ সমবায়ীদের হাতে পুরস্কার তুলে দেয়া হবে।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন রাজশাহী বিভাগীয় কমিশনার ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর।

.....  
তৌহিদ/আতিক/আরিফ/আলীম/রুহুল/হালিম/২০২৪/১৫.৪০ঘ.